

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৩৮০
জিরানীয়া, ১২ জুন, ২০২৪

মুখ্যমন্ত্রী প্রাণীসম্পদ বিকাশ যোজনা
জিরানীয়া মহকুমায় ১,২২৮টি পরিবারকে মোরগ পালনে সহায়তা

মুখ্যমন্ত্রী প্রাণীসম্পদ বিকাশ যোজনায় জিরানীয়া মহকুমায় ১ হাজার ২২৮টি পরিবারকে মোরগ পালনে সহায়তা দেওয়া হয়েছে। মহকুমার পুরাতন আগরতলা ব্লকে ৪০৫টি, জিরানীয়া ব্লকে ২০৫টি, বেলবাড়ি ব্লকে ৩০৬টি ও মান্দাই ব্লকে ৩১২টি পরিবার এই যোজনায় সহায়তা পেয়েছে। এজন্য ব্যয় হয়েছে ১৫ লক্ষ ৯৬ হাজার ৪০০ টাকা।
